গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গাংনী, মেহেরপুর।
www.dgfood.gov.bd

## অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ/২০২৩-২৪ এর গাংনী উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব প্রীতম সাহা
উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
তারিখ ও সময় : ০৫/১২/২০২৩ খ্রিঃ, সময় : দুপুর-১২.৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সরকারের খাদ্যশস্য সংগ্রহের গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাংনী, মেহেরপুর খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৪/১১/২০২৩ ও ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখের যথাক্রমে ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৫ ও ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৬ সংখ্যক স্মারকে অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ/২০২৩-২৪ এর আওতায় ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা ও গাংনী উপজেলার বিভাজন সংক্রান্ত পত্র এবং সংগ্রহ সংক্রান্ত নীতিমালা সভায় পাঠ করে শোনান। গাংনী উপজেলার জন্য ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৫৩৪.০০০ মেঃ টন ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ১১৭.০০০ মেঃ টন পাওয়া গেছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০.০০ (ত্রিশ) টাকা ও চালের সংগ্রহ মূল্য ৪৪.০০ (চুয়াল্লিশ) টাকা । ধান ও চাল সংগ্রহের সময়সীমা ২৩/১১/২০২৩ খ্রিঃ হতে ২৮/০২/২০২৪ খ্রিঃ পর্যন্ত। ধান সরাসরি কৃষকের নিকট হতে এবং চাল চুক্তিকৃত মিলারের নিকট হতে সংগ্রহ/ক্রয় করা হবে। উল্লেখ্য যে, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৬/১১/২০২৩ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২২.১৩৪ সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক বিগত আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে অত্র উপজেলার ৪টি চালকলের কোন মালিকই নির্ধারিত চুক্তি সম্পাদন না করায় চলমান আমন মৌসুমে অত্র উপজেলার কোন চালকল মালিকের সহিত চাল সংগ্রহ/ক্রয়ের জন্য চুক্তি সম্পাদন করা যাচ্ছে না। বিধায়, লক্ষ্যমাত্রার সমুদয় চাল ১১৭.০০০ মেঃটন সমর্পণ করা যেতে পারে।

**আলোচনা :** উপজেলার জন্য নির্ধারিত ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের বিভিন্ন দিক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় নীতিমালায় বর্ণিত বিনির্দেশ মোতাবেক ধান ও চাল ক্রয়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশ দেন। উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সম্মানিত সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার গাংনী, মেহেরপুর, উপজেলা কৃষি অফিসার, গাংনী, মেহেরপুর এবং অন্যান্য সদস্যগণ জানান, বর্তমানে ধানের বাজার মূল্য সরকারী ক্রয় মূল্য অপেক্ষা কিছুটা কম। সে প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা এবং প্রকৃত কৃষকের নিকট হতে ধান ক্রয় সম্পন্ন করার জন্য সভায় আলোচনা হয়। সংগ্রহের বিভিন্ন দিক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

## সিদ্ধান্তসমূহ :

১। ধান সংগ্রহের ক্ষেত্রে ব্যাপক প্রচার (মাইকিং, লিফলেট, পোস্টারিং) -এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপজেলা কৃষি অফিস, গাংনী থেকে প্রাপ্ত ধান আবাদকারী কৃষকের তালিকা হতে লটারীতে নির্বাচিত কৃষকদের মধ্যে "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে ধান সংগ্রহ/ক্রয় করতে হবে।

২। জাতীয় পরিচয়পত্র অথবা কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভিত্তিতে কৃষক সনাক্তকরণের মাধ্যমে সরাসরি কৃষকের নিকট হতে ধান সংগ্রহ/ক্রয় করতে হবে। কৃষকের উপস্থিতি নিশ্চিত হয়ে দিনের আগত ধান পর্যায়ক্রমে সারিবদ্ধভাবে যানবাহন রেখে তালিকা প্রস্তুত করে তালিকার মধ্য থেকে ক্রমানুসারে ভারপ্রাপ্ত কর্মকর্তা, গাংনী খাদ্য গুদাম ধান সংগ্রহ শুরু করবেন। এছাড়াও ভারপ্রাপ্ত কর্মকর্তা অবশ্যই ধান সরবরাহকারী/বিক্রয়কারী কৃষকের মোবাইল ফোন নং বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করবেন।

৩। ধান ক্রয়ে গুণগত মান অক্ষুন্ন রেখে নীতিমালায় বর্ণিত বিনির্দেশ মোতাবেক ধান ক্রয় করতে হবে। কোন ক্রমেই বিনির্দেশ বর্হিভূত ধান ক্রয় করা যাবে না। ধান সংগ্রহের ক্ষেত্রে কোন কৃষক যদি বিনির্দেশ বর্হিভূত ধান বিক্রির জন্য গুদামে নিয়ে আসেন, সেক্ষেত্রে সংশ্লিষ্ট কৃষককে তার নিজ খরচে ও নিজ ব্যবস্থাপনায় ঝাড়াই-বাছাই সম্পন্ন করে ও শুকিয়ে উক্ত ধান বিনির্দেশ সম্মত করে গুদামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। গাংনী উপজেলার ধার্যকৃত লক্ষ্যমাত্রার ধান ইউনিয়নওয়ারী নিম্নরূপভাবে বিভাজন করা হলো :

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ধান উৎপাদনের পরিমাণ (মেঃ টন) | বিভাজিত ধানের পরিমাণ (মেঃ টন) |
|---|---|---|---|
| ১ | গাংনী পৌরসভা | ৩২৪০.০০০ | ২৩.০০০ |
| ২ | কাথুলী ইউনিয়ন | ৮৩৭০.০০০ | ৫৮.০০০ |
| ৩ | তেতুলবাড়ীয়া ইউনিয়ন | ৬৫০৭.০০০ | ৪৫.০০০ |
| ৪ | কাজিপুর ইউনিয়ন | ৫৯৬৭.০০০ | ৪১.০০০ |
| ৫ | বামন্দী ইউনিয়ন | ৮৩৭০.০০০ | ৫৮.০০০ |
| ৬ | মটমুড়া ইউনিয়ন | ৭৬৬৮.০০০ | ৫৩.০০০ |
| ৭ | ষোলটাকা ইউনিয়ন | ৬৬৯৬.০০০ | ৪৭.০০০ |
| ৮ | সাহারবাটি ইউনিয়ন | ৭০২০.০০০ | ৪৯.০০০ |
| ৯ | ধানখোলা ইউনিয়ন | ১৬৩০৮.০০০ | ১১৪.০০০ |
| ১০ | রায়পুর ইউনিয়ন | ৬৫৩৪.০০০ | ৪৬.০০০ |
| | সর্বমোট = | ৭৬৬৮০.০০০ | ৫৩৪.০০০ |

৫। নীতিমালা অনুযায়ী বিনির্দেশ সম্মত ধান সংগ্রহ করতে হবে। কোন ক্রমেই বিনির্দেশ বহির্ভূত ধান ক্রয় করা যাবে না।

৬। ইউনিয়নওয়ারী নির্ধারিত দিন/তারিখ ধার্য করে গাংনী খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা ধান সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। একজন কৃষক সর্বনিম্ন ১.০০০ মেঃ টন এবং সর্বোচ্চ ৩.০০০ মেঃ টন ধান গুদামে সরবরাহ/বিক্রয় করতে পারবেন। বিক্রিত ধানের মূল্য সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে।

৮। সংগ্রহ নীতিমালার নির্দেশনা পুরোপুরি অনুসরণ করে উপজেলার ধার্যকৃত লক্ষ্যমাত্রার ধান ২৮/০২/২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ সম্পন্ন করতে হবে। আমন ধান সংগ্রহ/২০২৩-২৪ কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলকে তৎপর ও উদ্যোগী ভূমিকা রাখতে হবে।

৯। ধান সংগ্রহের ক্ষেত্রে মহিলা ও প্রান্তিক কৃষকদের অবশ্যই অগ্রাধিকার দিতে হবে।

১০। কোন কৃষক যাতে ধান বিক্রয়কালে কোনরূপ হয়রানির শিকার না হয় এবং নির্বিঘ্নে ধান বিক্রয় করতে পারেন, সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। বহিরাগত কোন লোক যাতে ধান সংগ্রহের ক্ষেত্রে কোনরূপ উচ্ছৃংখলতা বা বিশৃংখলতার সৃষ্টি করতে না পারে সে বিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। বিনির্দেশ বর্হিভূত ধান ক্রয় করা হলে গাংনী গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা এককভাবে সরাসরি দায়ী থাকবেন। উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি বিনির্দেশ সম্মত ধান সংগ্রহ করা হচ্ছে কিনা সে বিষয়ে তদারকি করবেন।

১২। আগামী ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে লটারীতে নির্বাচিত কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ/ক্রয় সম্পন্ন করা না হলে সেক্ষেত্রে আগামী ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখের পর উপজেলা কৃষি অফিস, গাংনী থেকে প্রাপ্ত মূল কৃষক তালিকার মধ্য হতে "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে যে কোন কৃষকের নিকট হতে ধান সংগ্রহ/ক্রয় করা যাবে।

১৩। প্রয়োজনে উপজেলার লক্ষ্যমাত্রা পূরণের জন্য ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখের পর যে কোন ইউনিয়নের/পৌরসভার কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ/ক্রয় করে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের চেষ্টা করতে হবে।

১৪। খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৬/১১/২০২৩ খ্রিঃ তারিখের ১৩৪ সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক বিগত আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে অত্র উপজেলার ৪টি চালকলের কোন মালিকই নির্ধারিত চুক্তি সম্পাদন না করায় চলমান আমন মৌসুমে অত্র উপজেলার কোন চালকল মালিকের সহিত চাল সংগ্রহ/ক্রয়ের জন্য চুক্তি সম্পাদন না হওয়ায় লক্ষ্যমাত্রার সমুদয় চাল ১১৭.০০০ মেঃটন সমর্পণ করা হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.১২.২৩

(প্রীতম সাহা)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি
গাংনী, মেহেরপুর

স্মারক নং : উখানি/গাংনী/সংগ্রহ/ধান/বোরো-২৩/৪৭৭(১৫)
তারিখ : ০৫/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর-২, মেহেরপুর
২। জেলা প্রশাসক, মেহেরপুর
৩। উপজেলা চেয়ারম্যান, গাংনী উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেরপুর
৫। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর,
৬। উপজেলা কৃষি অফিসার, গাংনী, মেহেরপুর
৭। অফিসার্স ইনচার্জ, গাংনী থানা, মেহেরপুর।
৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাংনী, মেহেরপুর
৯। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাংনী, মেহেরপুর
১০। কারিগরী খাদ্য পরিদর্শক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মেহেরপুর।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গাংনী এলএসডি, মেহেরপুর।
১২। জনাব মোঃ ওয়াসিম সাজ্জাদ লিখন, কৃষক প্রতিনিধি গাংনী, মেহেরপুর
১৩। জনাব মোঃ দেলবার হোসেন, সভাপতি, চালকল মালিক সমিতি, গাংনী, মেহেরপুর।
১৪। মোঃ ইকবাল হোসেন, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাংনী, মেহেরপুর
১৫। অফিস কপি

০৫/১২/২৩

(মোছাঃ ইশরাত জাহান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি
গাংনী, মেহেরপুর